

# অধ্যক্ষ সাইদুর রহমানের ইন্তেকাল

এম এ সাযাদ
।।স্টাফ রিপোর্টার।।

খ্যাতনামা শিক্ষাবিদ, দার্শনিক ও জগন্নাথ কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ সাইদুর রহমান শুক্রবার সকাল সাড়ে ছয়টায় ঢাকার হলি ফ্যামিলী রেডক্রস হাসপাতালে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে ... রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮১ বছর।

(৫-এর পৃঃ দ্রঃ)

## সাইদুর রহমানের ইন্তেকাল

(৮-এর পৃঃ পর)

ও সমবায়মন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন এক বিবৃতিতে তার মৃত্যুতে শোক প্রকাশ করে অধ্যক্ষ সাইদুর রহমানকে প্রখ্যাত দার্শনিক, প্রবীণ শিক্ষাবিদ ও সমাজ সেবক বলে বর্ণনা করেন।

সংক্ষিপ্ত পরিচিতি

অধ্যক্ষ সাইদুর রহমান ১৯০৬ সালে ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার রসুল্লাবাদ গ্রামে জন্ম গ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনি দর্শনশাস্ত্রে বিএ সম্মান ও এমএ উভয় পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছিলেন। তিনি ১৯৩২ সালে রাজশাহী কলেজে অধ্যাপনা জীবন শুরু করেন। তিনি কলকাতার ইসলামিয়া কলেজের অধ্যাপক ও বেকার হোস্টেলের সুপারিনটেনডেন্টও ছিলেন। শেখ মুজিবুর রহমানসহ আজকের বাংলাদেশের বহু রাজনৈতিক নেতা ও বিশিষ্ট সমাজকর্মী তার ছাত্র ছিলেন। দেশ বিভাগের পর তিনি ঢাকা কলেজ, সিলেটের মুরারীচাঁদ কলেজ, চট্টগ্রাম কলেজ ও ঢাকার ইডেন গার্লস কলেজে অধ্যাপনা শেষে অধ্যক্ষ হিসাবে জগন্নাথ কলেজে যোগ দেন।

অধ্যক্ষ সাইদুর রহমান ১৯৬৭ সালে সরকারী চাকরি থেকে অবসর নেয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে দর্শনশাস্ত্রে সংখ্যাতিরিক্ত প্রফেসর হন। এ সময় পাওয়া তার বেতনের সমুদয় টাকা দিয়ে 'সাইদুর রহমান ফাউন্ডেশন' প্রতিষ্ঠা করেন। এই ফাউন্ডেশন থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে মানব কল্যাণ বিষয়ক বক্তৃতামালার আয়োজন ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি দান করা হয়। তিনি ছিলেন বাংলাদেশ দর্শন সমিতির অন্যতম প্রতিষ্ঠাতা। নিজ গ্রামে তিনি দাতব্য চিকিৎসালয় ও মাতৃসদনসহ বহু জনহিতকর প্রতিষ্ঠান স্থাপন করেন।

তার প্রণীত গ্রন্থগুলির মধ্যে রয়েছে 'এ্যান ইনট্রোডাকশন টু ইসলামিক ফিলসফি', 'শতাব্দীর স্মৃতি' ও 'কল্যাণ দর্শন' (যন্ত্রস্থ)।

তিনি বহু দেশ সফর করেন। এদেশের গণতান্ত্রিক আন্দোলনের সঙ্গেও তিনি জড়িত ছিলেন। মুক্তচিন্তা প্রচার করার কারণে জীবনে তাকে অনেক ক্ষতি ও ত্যাগ স্বীকার করতে হয়েছিল।

অধ্যক্ষ সাইদুর রহমানের মৃত্যুতে বাংলাদেশ দর্শন সমিতি গতকাল বিকালে সংগঠনের কার্যালয়ে এক শোক সভায় মিলিত হয়। একজন প্রগতিশীল চিন্তাবিদ ও মানবতাবাদী দার্শনিক হিসাবে শোকসভায় মরহুমের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

বাংলাদেশের কম্যুনিস্ট পার্টির কার্যকরী সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহমদ মানিক শোক বিবৃতিতে বলেন, এদেশে গণতান্ত্রিক প্রগতিশীল চিন্তার বিকাশ ও অগ্রগতিতে অধ্যক্ষ সাইদুর রহমানের অবদান অবিস্মরণীয়।